

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
প্রশাসন-২ শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৭.১৯.২৩২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২৯ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে  
গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০৯-০৭-২০১৯ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ১, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩ ও ১৪ নং সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

১। ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বৃহস্পতিবার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সচিবালয়ের সম্মুখে এবং ভিতরে, ঢাকা সিটির গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধু বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্লেকার্ড/ফ্লায়ারের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচির আয়োজন করবে।

৪। হাসপাতালসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে।

৫। রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা আয়োজনসহ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।

৬। সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

৭। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে মাননীয় মন্ত্রী এবং মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ১১.০০ টার পূর্বেই ধানমন্ডিস্থ সোবহানবাগ 'ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাস, সোবাহানবাগ এর সম্মুখে সমবেত হবেন।

৮। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকার চিকিৎসা ফি নেয়া যাবেনা।


৯। শিক্ষার্থীদের মধ্যে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে স্থানীয়ভাবে আলোচনা সভা, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১০। ১২ আগস্ট ২০১৯ ঈদুল আযহা হওয়ায় ০৮ আগস্ট ২০১৯ তারিখ ঈদের পূর্বের শেষ কর্মদিবস। এজন্য জাতীয় শোক দিবস পালনের সকল প্রস্তুতি ০৮/০৮/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

১১। ঢাকা শহরের ন্যায় জেলা ও উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে সভা-আহবান/পরিদর্শন/বিনামূল্যে চিকিৎসা/রক্তদান কর্মসূচি/পরিষ্কার পরিচ্ছন্নতা/ব্যানার/প্রচার-প্রচারণা/শোক র্যালীর আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করতে হবে।

১২। জাতীয় শোক দিবসে সকল কর্মসূচি যথাযথ ভাবগাম্ভীর্য রক্ষা করে পালন করার সকলকে নির্দেশনা প্রদান করতে হবে।

সংযুক্ত: কার্যবিবরণীর কপি- ২ (দুই) পাতা



(মোহাম্মদ আব্দুল কাদের)

উপসচিব

ফোন: ৯৫৪০৯২২

E-mail: [admin2@mefwd.gov.bd](mailto:admin2@mefwd.gov.bd)

১। উপাচার্য,.....মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)

২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

৩। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৪। অধ্যক্ষ,.....মেডিকেল কলেজ (সকল)

৫। অধ্যক্ষ,.....নাসিং কলেজ ও ইন্সটিউট, আইএইচটি, ম্যাটস (সকল)

✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়: মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল

তার অধিনস্থ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে  
নির্দেশনা প্রদানের অনুরোধসহ

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৭.১৯.২৩২

তারিখ: ২৯ জুলাই ২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৫। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৬। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(মোহাম্মদ আব্দুল কাদের)

উপসচিব